আজ বুধবার
২৯ এপ্রিল ২০২৬
১৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ জিলক্বদ ১৪৪৭ হিজরি

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

# দৈনিক আমার বার্তা





খেলাধুলা
চ্যাম্পিয়নস লিগ সেমিফাইনালে রোনালদোর একক আধিপত্য
পৃষ্ঠা >> ১০

নগর-মহানগর
১৫ মে'র মধ্যে সিডিএ'র খাল সংস্কার কাজ শেষ হবে : চসিক মেয়র
পৃষ্ঠা >> ৬

বিশ্ব বার্তা
স্কুলে সশরীরে ক্লাস এখনই শুরু করছে না ইরান
পৃষ্ঠা >> ৫

বিনোদন
উত্তরবঙ্গে পিছিয়ে থাকা নারীদের নিয়ে নতুন স্বপ্ন বুনছেন নাদিরা
পৃষ্ঠা >> ১০





■ www.amarbarta.com.bd ■ বর্ষ ১৩ ॥ সংখ্যা ৭৮ ■ রেজি. নং ডিএ-৬২৭৬ ■ ১২ পৃষ্ঠা ১০ টাকা




# পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের যুগে প্রবেশ করলো বাংলাদেশ





বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম গতকাল পাবনায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের এক নং ইউনিটের ফিজিক্যাল স্টার্টআপ-এর উদ্বোধন করেন। (ইনসেটে) পাবনার ঈশ্বরদীর রূপপুরে অবস্থিত বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র –আমার বার্তা

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে জ্বালানি লোডিং শুরু
- একবার জ্বালানি লোডেই চলবে দেড় বছর
- রূপপুর বিদ্যুৎকেন্দ্র বাংলাদেশের প্রযুক্তিগত আত্মবিশ্বাসের প্রতীক –ফকির মাহবুব আনাম, মন্ত্রী
- ৪১৭ লিটার ডিজেলের কাজ করবে ৪ গ্রাম ইউরেনিয়াম
- পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনে বিশ্বের ৩৩তম দেশ বাংলাদেশ

জহির হাসান

পাবনার ঈশ্বরদীতে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে গতকাল মঙ্গলবার থেকে আনুষ্ঠানিকভাবে জ্বালানি লোডিং কার্যক্রম শুরু হয়েছে। এর মাধ্যমে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের পথে বাংলাদেশ আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ অতিক্রম করলো।
দীর্ঘ প্রতীক্ষার পর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি সংযোজন কার্যক্রম শুরু হয়েছে। এর মধ্য দিয়ে পারমাণবিক শক্তিনির্ভর বিদ্যুৎ উৎপাদনের যুগে প্রবেশ করলো বাংলাদেশ। একই সঙ্গে বিশ্বের ৩৩তম পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনকারী দেশের তালিকায় নাম লিখিয়েছে দেশটি।
ঐতিহাসিক মুহূর্তের মধ্যদিয়ে চূড়ান্ত গন্তব্যের পথে এক বিশাল ধাপ এগিয়ে গেল রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প। এর মধ্যে দিয়ে ● পৃষ্ঠা-১১ কলাম ৫

## মেয়াদ শেষে ছয় মাস ভিভিআইপি রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রী প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

মেয়াদ (দায়িত্ব হস্তান্তর বা পদত্যাগ) শেষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং প্রধান উপদেষ্টা দেশের মধ্যে ছয় মাস অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি (ভিভিআইপি) থাকবেন। তাদের ছয় মাসের জন্য ভিভিআইপি ঘোষণা করে গত ২২ এপ্রিল থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।
প্রজ্ঞাপনে বলা হয়, সরকার 'বিশেষ নিরাপত্তা বাহিনী আইন, ২০২১' এর ধারা ২(ক)-এ দেওয়া ক্ষমতাবলে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রধান উপদেষ্টাকে তাদের স্ব ● পৃষ্ঠা-১১ কলাম ১

## গণতান্ত্রিক সুসংহত করতে ন্যায়ের শাসন প্রতিষ্ঠার বিকল্প নেই –প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

গণতান্ত্রিক যাত্রা সুসংহত করতে রাষ্ট্রে ন্যায়ের শাসন প্রতিষ্ঠার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গতকাল মঙ্গলবার দুপুরে এক আলোচনা সভায় এ মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, যে রাষ্ট্রে আইনের শাসন, ন্যায়বিচার ও মানবাধিকার প্রতিষ্ঠিত নয়, সেই দেশ কখনোই প্রকৃত অর্থে গণতান্ত্রিক ও মানবিক রাষ্ট্রে পরিণত হতে পারে না।
তিনি আরও উল্লেখ করেন, দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসনের অবসানের পর বাংলাদেশের জনগণ আবারও গণতন্ত্রের পথে অগ্রসর হচ্ছে। এ অগ্রযাত্রাকে সুসংহত ও টেকসই করতে হলে রাষ্ট্রে ন্যায়ের শাসন নিশ্চিত করা অপরিহার্য।
ন্যায়বিচার সবার জন্য সমানভাবে প্রযোজ্যড় এ কথা উল্লেখ করে তারেক রহমান বলেন, অর্থের অভাবে যেন কোনো মানুষ বিচারপ্রাপ্তির সুযোগ (অ্যাক্সেস টু জাস্টিস) থেকে বঞ্চিত না হয়, সে লক্ষ্যেই সরকার আইনি সহায়তা কর্মসূচি অব্যাহত রেখেছে। কোনো ভুক্তভোগী যেন কেবল অর্থসংকটের কারণে আইনজীবীর ● পৃষ্ঠা-১১ কলাম ১

## গাছ না কেটে মেরিন ড্রাইভ সড়ক প্রশস্তকরণের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

গাছ না কেটে কক্সবাজারের মেরিন ড্রাইভ সড়ক প্রশস্তকরণ প্রকল্প এগিয়ে নেওয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পরিবেশের ভারসাম্য রক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করছে সড়ক পরিবহন মন্ত্রণালয়। প্রধানমন্ত্রীর এই নির্দেশনার কারণে প্রায় তিন হাজার গাছ রক্ষা পেয়েছে বলে জানায় মন্ত্রণালয় সূত্র।
তারা বলছে, এর মাধ্যমে দেশের পরিবেশ সুরক্ষা ও সবুজায়ন রক্ষায় একটি দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।
গত ২১ এপ্রিল সড়ক পরিবহন, সেতু ও রেলমন্ত্রী রবিউল ইসলাম প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা বিষয়ক উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এ কে এম শামছুল ইসলাম ও রেল প্রতিমন্ত্রী হাবিবুর রশীদ হাবিব মেরিন ড্রাইভ এলাকা পরিদর্শন করেন। এ সময় সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তা ও প্রকল্প সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
কলাতলী থেকে টেকনাফের সাবরাং জিরো পয়েন্ট পর্যন্ত প্রায় ৮০ কিলোমিটার দীর্ঘ এই সড়ককে চার লেনে উন্নীত করার কাজ চলমান। শুরুতে ধারণা করা হয়েছিল, সড়ক প্রশস্ত করতে বিপুলসংখ্যক গাছ কাটতে হবে। তবে, প্রধানমন্ত্রীর নির্দেশে ● পৃষ্ঠা-১১ কলাম ২


ক্রিপ্টোকারেন্সিতে পাচার করা ৪৪ কোটি টাকার বেশি ফিরিয়ে আনলো সিআইডি
পৃষ্ঠা >> ১১


সংসদ নির্বাচনের চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে ইইউ পর্যবেক্ষণ মিশন

## 'ইঞ্জিনিয়ারিং' চোখে পড়েনি, আরও ভালো নির্বাচনের জন্য ১৯ সুপারিশ





গতকাল বাংলাদেশের এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইইউর নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস –আমার বার্তা

নিজস্ব প্রতিবেদক

এয়োদশ জাতীয় নির্বাচনে 'ইলেকশন ইঞ্জিনিয়ারিং' চোখে পড়েনি বলে জানিয়েছে ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশন। তারা নির্বাচন ব্যবস্থার উন্নয়নে ১৯টি সুপারিশ করেছে। এর মধ্যে ছয়টি সুপারিশকে অগ্রাধিকার দেওয়া দেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে বাংলাদেশের এয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে এসব সুপারিশ করেন ইইউর নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস।
এ সময় ইলেকশন ইঞ্জিনিয়ারিং নিয়ে এক প্রশ্নের জবাবে ● পৃষ্ঠা-১১ কলাম ২

## ভারতীয় ভিসার স্থবিরতা শিগগিরই কাটবে –সংসদে পররাষ্ট্রমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশি নাগরিকদের জন্য ভারতের ভিসা প্রাপ্তি সহজ হওয়া এবং বর্তমান স্থবিরতা কাটিয়ে শিগগিরই তা স্বাভাবিক হওয়ার সুখবর দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। প্রতিবেশী এই রাষ্ট্রের সঙ্গে বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সুদৃঢ় করতে সরকারের পক্ষ থেকে নানামুখী তৎপরতা অব্যাহত রয়েছে বলে জানান তিনি। ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ২৩তম দিন গতকাল মঙ্গলবার ● পৃষ্ঠা-১১ কলাম ২



বাংলাদেশ কোস্টগার্ডের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল রাজধানীর আগারগাঁওস্থ কোস্টগার্ড সদরদপ্তরে আয়োজিত অনুষ্ঠান সাংবাদিকদের সঙ্গে কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ –আমার বার্তা

## ব্রিটেনে জব্দ হওয়া অর্থ আইনি প্রক্রিয়ায় ফেরাতে হবে –সারাহ কুক

নিজস্ব প্রতিবেদক

ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক বলেছেন, ব্রিটেনে জব্দ হওয়া অর্থ ফেরত আনার বিষয়টি একটি আইনি প্রক্রিয়া। আইনি ব্যবস্থার মাধ্যমে এটি সম্পন্ন করতে অত্যন্ত শক্তিশালী প্রমাণের প্রয়োজন হয়ে থাকে।
এটি এমন কিছু নয় যা রাতারাতি ঘটে যেতে পারে। আইনি প্রক্রিয়ার মাধ্যমেই জব্দ হওয়া অর্থ ফেরাতে হবে। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ ● পৃষ্ঠা-১১ কলাম ৩

## মুক্তিযুদ্ধের সঙ্গে গণঅভ্যুত্থানের তুলনা অন্যায় –ফজলুর রহমান

নিজস্ব প্রতিবেদক

কিশোরগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য (এমপি) ফজলুর রহমান বলেছেন, মুক্তিযুদ্ধ আর ৫ আগস্টের গণঅভ্যুত্থান এক নয়। হিমালয় পর্বতের সঙ্গে টিলার যেমন তুলনা হয় না, তেমনি মুক্তিযুদ্ধের সঙ্গে ৫ আগস্টের তুলনা করাও অন্যায়।
গতকাল মঙ্গলবার স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমের সভাপতিত্বে সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনীত ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ ● পৃষ্ঠা-১১ কলাম ২

## কে কোন দল করবে, তা নির্ধারণের অধিকার কারও নেই –বিরোধীদলীয় নেতা

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদে সরকারদলীয় সংসদ সদস্য ফজলুর রহমানের বক্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, নিজের অবদান বলতে গিয়ে আরেকজনের অবদানের ওপর হাতুড়ি পেটানোর অধিকার কাউকে দেওয়া হয়নি। কে কোন দল করবে, তা নির্ধারণ করে দেওয়ার অধিকারও কারও নেই।
গতকাল মঙ্গলবার স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমের সভাপতিত্বে জাতীয় সংসদ অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর সংসদ সদস্য ফজলুর রহমানের বক্তব্যের জবাবে বিরোধীদলীয় নেতা এ কথা বলেন।
এর আগে বক্তব্যে সংসদ সদস্য ফজলুর রহমান বিরোধীদলীয় নেতার শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য হওয়ার বিষয়টি ● পৃষ্ঠা-১১ কলাম ৩

## দুর্নীতির অভিযোগের প্রমাণ চাইলেন নাহিদ

নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তী সরকারের সময় দুর্নীতির অভিযোগ তোলায় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর কাছে নিজের দুর্নীতির প্রমাণ চেয়েছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। গতকাল মঙ্গলবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ২৩তম দিনে পররাষ্ট্র ● পৃষ্ঠা-১১ কলাম ৩

## কোস্টগার্ডের জনবল ১০ হাজারে উন্নীত করার পরিকল্পনা –স্বরাষ্ট্রমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

দেশে জঙ্গি তৎপরতা নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বাংলাদেশ কোস্ট গার্ডের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী ও পদক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তিনি বলেন, বর্তমান কালচারে জঙ্গি শব্দ নাই। ফ্যাসিবাদী আমলে রাজনৈতিক হাতিয়ার হিসেবে জঙ্গি শব্দটা ব্যবহার করা হতো। তবে এখন এসব নাই। কবে নাগাদ মাঠ থেকে সেনাবাহিনী প্রত্যাহার হবে জানতে চাইলে তিনি বলেন, পর্যায়ক্রমে তাদের প্রত্যাহার করা হবে। এ সময় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব মনজুর মোর্শেদ চৌধুরী ও কোস্টগার্ডের মহাপরিচালক মো. জিয়াউল হক উপস্থিত ছিলেন।
উপকূলীয় নিরাপত্তা জোরদার করা হবে: গতকাল মঙ্গলবার সকালে কোস্ট গার্ডের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আগারগাঁওয়ে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহ উদ্দিন আহমদ বলেন, দেশের সমুদ্র ও উপকূলীয় অঞ্চলের নিরাপত্তা আরও জোরদার করবে সরকার। তিনি জানান, কোস্ট গার্ডের সার্বিক উন্নয়নে সরকার দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। তাদের বহরে হেলিকপ্টার সার্ভিস যোগ করা হবে। ● পৃষ্ঠা-১১ কলাম ৩


সৌদির জন্য বড় ধাক্কা, খুশি হবেন ট্রাম্প
ওপেক ও ওপেক প্লাস থেকে বেরিয়ে গেল আমিরাত
পৃষ্ঠা >> ১১


## গুরুত্বপূর্ণ স্থাপনায় কড়া নিরাপত্তা, 'হুমকি নেই' –র‌্যাব

নিজস্ব প্রতিবেদক

নিষিদ্ধঘোষিত একটি উগ্রবাদী সংগঠনের সমর্থকদের সম্ভাব্য নাশকতা পরিকল্পনা ঘিরে দেশের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর নিরাপত্তা জোরদারের নির্দেশ দেওয়া হয়েছে। এরই মধ্যে পুলিশ সদর দপ্তর থেকে রেঞ্জ ডিআইজি, মেট্রোপলিটন পুলিশ কমিশনার এবং সব জেলা পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট ইউনিটগুলোকে নির্দেশনা দিয়ে চিঠি পাঠানো হয়েছে।
তবে এ বিষয়ে র‌্যাব বলছে, বর্তমানে কোনো তাৎক্ষণিক হুমকি ● পৃষ্ঠা-১১ কলাম ৪

নামাজের সময়সূচি

বুধবার ২৯ এপ্রিল ২০২৬

| নামাজ | ওয়াক্ত শুরু |
|---|---|
| ফজর | ০৪:১১ |
| যোহর | ১২:০০ |
| আসর | ০৪:৩১ |
| মাগরিব | ০৬:২৯ |
| এশা | ০৭:৪৬ |

| আজ সূর্যাস্ত | কাল সূর্যোদয় |
|---|---|
| ৬:২৪ | ৫:৩০ |

নতুন ভাড়ার তালিকা মানছে না অনেক বাস

## নির্ধারণের পরও কিছু রুটে বাড়তি ভাড়া নেয়ার অভিযোগ

নিত্য গোপাল তুতু



বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক নতুন নির্ধারিত ভাড়ার তালিকা প্রকাশ করার পর দূরপাল্লার বিভিন্ন রুটের অধিকাংশ বাস নির্ধারিত ভাড়া নিলেও কিছু কিছু রুটে বাড়তি ভাড়ার আদায়ের অভিযোগ করছে সাধারণ যাত্রীরা।
গতকাল মঙ্গলবার রাজধানী কল্যাণপুর ও গাবতলী বাসস্ট্যান্ড থেকে ছেড়ে যাওয়া দূরপাল্লার বাসগুলোর অধিকাংশ সরকার নির্ধারিত তালিকা মেনে চললেও, কিছু কিছু রুটে বাড়তি ভাড়ার আদায়ের অভিযোগ করছে সাধারণ যাত্রীরা।
রাজধানীর গাবতলী বাসস্ট্যান্ড থেকে রংপুর রুটে নিয়মিত চলাচল করা নাবিল পরিবহনের যাত্রী ইকবাল মিয়া আমার বার্তাকে বলেন, "আমার ব্যবসায়িক কাজে প্রায় সময় ঢাকায় আসা লাগে। এখন নতুন করে সরকার নির্ধারিত ভাড়াই নিচ্ছে। কোন বাড়তি ভাড়া চায়নি। আজকের আমার কাছ থেকে ৭৫০ টাকা রাখছে। এদের সার্ভিস ও ভালো।"
গাবতলী বাসস্ট্যান্ড থেকে মেহেরপুরগামী যাত্রীআক্কাছ আলী বলেন, "আমার কাছ থেকে নতুন ভাড়ার থেকে বেশি নিয়েছে। সরকার কর্তৃক নির্ধারিত এই রুটে ৫১ আসনের বাসে ভাড়া ● পৃষ্ঠা-১১ কলাম ৪

## হাম ও উপসর্গে আরও ৯ শিশুর মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৯ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে হামে আক্রান্ত হয়ে তিন শিশু এবং হামের উপসর্গ নিয়ে ছয় শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে শিশু মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৭৩।
২৪ ঘণ্টায় নতুন করে ১ হাজার ২৭৬ জনের মধ্যে হামের উপসর্গ শনাক্ত হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত ৩৪ হাজার ৬৬২ ● পৃষ্ঠা-১১ কলাম ৪

## সমুদ্রবন্দরে ৩ ও নদীবন্দরে ২ নম্বর সতর্কতা সংকেত পাহাড়ে ভূমিধসের শঙ্কা

নিজস্ব প্রতিবেদক

উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপের তারতম্যের প্রভাবে দেশের সমুদ্র ও নদীবন্দরগুলোতে সতর্ক সংকেত জারি করা হয়েছে। একইসঙ্গে সারাদেশে বজ্রসহ বৃষ্টি ও কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণের আশঙ্কা রয়েছে। এতে পাহাড়ি এলাকায় ভূমিধস এবং বিভিন্ন স্থানে অস্থায়ী জলাবদ্ধতার ঝুঁকি তৈরি হতে পারে বলে সতর্ক করা হয়েছে। আবহাওয়ার সতর্কবার্তায় বলা হয়, উত্তর বঙ্গোপসাগর ও আশেপাশের এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। ● পৃষ্ঠা-১১ কলাম ৪


'সম্পদের সীমাবদ্ধতার চেয়েও স্বাস্থ্য খাতে বড় সঙ্কট সম্পদের অদক্ষ ব্যবহার'
পৃষ্ঠা >> ১১


## সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরছেন মির্জা আব্বাস

নিজস্ব প্রতিবেদক

বিএনপি স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস ধীরে ধীরে সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরছেন বলে জানিয়েছেন তার স্ত্রী আফরোজা আব্বাস। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে তার শারীরিক অবস্থার অবনতির গুজব ছড়িয়ে পড়লে নেতা-কর্মীদের মধ্যে উদ্বেগ তৈরি হয়। তবে এসবকে 'ভিত্তিহীন ● পৃষ্ঠা-১১ কলাম ৪